গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল
dirdshebarisal@gmail.com

৪.১.৩

স্মারক নং ঃ মাউশি/বরি/২০২৩/১১

তারিখঃ ০৫.০১.২০২৩ খ্রি.

বিষয় ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ অর্থ বছরের ৪.১.৩ সূচকের (২য় ত্রৈমাসিক) আঞ্চলিক কার্যালয় কর্তৃক প্রধান শিক্ষকগণের সাথে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের মর্মানুযায়ী জানানো যাচ্ছে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ অর্থ বছরের ৪.১.৩ সূচকের (২য় ত্রৈমাসিক) আঞ্চলিক কার্যালয় কর্তৃক প্রধান শিক্ষকবৃন্দের সাথে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভার নোটিস ও কার্যবিবরণী সদয় অবগতি ও কার্যার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

০৫.০১.২০২৩
প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল
dirdshebarisal@gmail.com

স্মারক নং-মাউশি/বরি/২০২২/ ৭৮৯ তারিখ: ১০.১১.২০২২ খ্রি.

বিষয় ঃ Zoom Platform ব্যবহার করে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক মতবিনিময় সভায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের মর্মানুযায়ী জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চলের সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানবৃন্দকে নিম্নোক্ত সূচি অনুযায়ী Zoom Platform ব্যবহার করে ভার্চুয়াল মিটিং-এ অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ ০১। জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি
০২। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।
০৩। বিবিধ।

সূচি

তারিখ ও সময়	আইডি	পাসওয়ার্ড
১৩.১১.২০২২ খ্রি. বেলা -১১.৩০টা	861 8548 5383	076435

প্রধান শিক্ষক (নির্বাচিত)
সরকারি মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল অঞ্চল।

১০.১১.২০২২
প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নং-মাউশি/বরি/২০২২/ ৭৮৯ তারিখ: ১০.১১.২০২২ খ্রি.
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ ঢাকা।
২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩। সংরক্ষণ নথি।

১০.১১.২০২২
প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল কর্তৃক প্রধান শিক্ষকবৃন্দের সাথে ১৩.১১.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোর্গের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহঃ

ক্রম.	আলোচ্য বিষয়সমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকতা
০১	জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ রোধ, মাদকবিরোধী প্রচার-প্রচারণা, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোর্গের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ক	১) শিক্ষাঙ্গনে শিক্ষার্থীদের জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ও মাদকা সেবন কর্মকান্ডের সাথে জড়িত হওয়া এবং বাল্যবিবাহের প্রবণতা বৃদ্ধি পাওয়ায় শিক্ষক, অভিভাবক এবং শিক্ষা কর্মকর্তাদের করণীয় বিষয়ক আলোচনা করা হয়।	১) প্রতি তিন মাসে অন্তত একবার অভিভাবক/মা সমাবেশ এর আয়োজন করে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, বাল্যবিবাহ, মাদক সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে প্রকৃত শিক্ষক-শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করা এবং তাদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা।	প্রধান শিক্ষকবৃন্দ
০২	বিভিন্ন প্রাকৃতিক দুর্যোর্গের প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।	২) উপকূলীয় অঞ্চল হওয়ায় আসন্ন প্রাকৃতিক দুর্যোর্গের প্রস্তুতি এবং দুর্যোগ পরবর্তী করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। পাশাপাশি এ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা বিষয়ক প্রশিক্ষণ বা কর্মশালা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়।	২) প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকা হওয়ায় সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোর্গের প্রস্তুতি গ্রহণ ও সচেতনতামূলক প্রচারপত্র বিতরণের সিদ্ধান্ত গৃহীত।	সংশ্লিষ্ট কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬.১১.২০২২
প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

৪.২.২

বন্যা: প্রতিবছর বাংলাদেশের এক বিস্তৃর্ণ ভূভাগ বন্যায় প্লাবিত হয়। ঋতুগত কারণে, নদনদীর পানি বেড়ে যাবার ফলে, প্রবল বৃষ্টিপাতের ফলে পাহাড়ি ঢল নেমে, নদীর বাঁধ ভেঙে জলোচ্ছাস ও জোয়ারের ফলে বাংলাদেশে বন্যা দেখা দেয়। বন্যায় প্রাণহানি কম হলেও সম্পদ ও ফসলের ব্যাপক ক্ষতি হয়। অনেক গবাদিপশু মারা যায়। বন্যাপরবর্তী সময়ে খাদ্যাভাব এবং নানারকম রাগব্যাধি দেখা দেয়।

নদীভাঙন: বাংলাদেশে প্রতিবছর নদীভাঙনের ফলে বসতভিটা, ফসলি জমি নদীর বুকে বিলীন হয়ে যায়। লক্ষ লক্ষ লাক নদীভাঙনের কবলে পড়ে সহায়সম্বলহীন হয়ে গ্রাম থেকে শহরে আশ্রয় নেয়।



ঘূর্ণিঝড়: ঘূর্ণিঝড়ে বাতাসের তীব্রতা অনেক বেশি হয় কখনো কখনো তা ঘণ্টায় ২৫০ কিলোমিটার বেগে বয়ে যায়। সমুদ্রে সৃষ্টি হয় জলোচ্ছ্বাসের। প্রতিবছরই এপ্রিল-মে এবং অক্টোবর-নভেম্বরে বাংলাদেশে ছাট-বড় ঘূর্ণিঝড় আঘাত হানে। প্রবল শক্তিসম্পন্ন এ ঝড়ে বাংলাদেশে সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতির শিকার হয় চট্টগ্রাম, কক্সবাজার, নায়াখালী, খুলনা, বরিশাল ও পটুয়াখালীর উপকূলীয় অঞ্চল এবং সমুদ্র তীরবর্তী দ্বীপসমূহ

কালবৈশাখি: কালবৈশাখি সাধারণত এপ্রিল-মে মৌসুমে বাংলাদেশের ওপর দিয়ে বয়ে যায়। এর গতিবেগ সাধারণত চল্লিশ থেকে ষাট কিলামিটার হয়ে থাকে। ব্যাপ্তিকালও স্বল্প, কখনা কখনা এক ঘণ্টা স্থায়ী হয়। কালবৈশাখি সাধারণত আঘাত হানে শেষ বিকেলের দিকে। মাঝে মাঝে এ ঝড়ের সাথে শিলাবৃষ্টিও হয়



ভূমিধস: ভূমিধস পাহাড়ি এলাকায় সংঘটিত হয়। চট্টগ্রাম, কক্সবাজার, রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি প্রভৃতি পাহাড়ি অঞ্চলে বর্ষা মৌসুমে মাঝে মাঝে পাহাড় ধসে পড়ে। পাহাড়ের কোল ঘেঁষে গড়ে ওঠা অনেক ঘরবাড়ি চাপা পড়ে, ঘটে প্রাণহানি। নির্বিচারে ও অনিয়মতান্ত্রিকভাবে পাহাড় কাটার কারণেও ভূমিধস হয়। ভূমিধসের কারণে পাহাড়ি এলাকায় সড়ক যোগাযোগও বিচ্ছিন্ন হয়ে পড়ে।

প্রচারেঃ- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল

৪-১-৬



চিকিৎসাবিজ্ঞানের দৃষ্টিতে মদপানের ক্ষতি

আধুনিক চিকিৎসাবিজ্ঞান মদপান ও মাদকের বিভিন্ন ক্ষতিকর দিক তুলে ধরেছেন। তাদের মতে, মদপান ও মাদক গ্রহণের কারণে মারাত্মক রোগব্যাধি সৃষ্টি হয়। যেমন—

১. খাদ্যনালি, পিত্ত ও প্লিহায় ক্যান্সার হয়।
২. হার্টের অসুখ দেখা দেয়।
৩. কিডনি ও প্রস্রাবের বহু রোগ যেমন ম্যাকসোডিমা, হাইপারথায়ার অ্যাডস।
৪. সাধারণ অনেক ব্যবহার্য ওষুধ যেমন ফ্লাজিল মদপায়ীদের ক্ষেত্রে মারাত্মক প্রতিক্রিয়া তৈরি করে।
৫. বিভিন্ন প্রকার মস্তিষ্কের রোগ যেমন নিউরোপ্যাথি, সেরিবেলার এন্ট্রোপি, পেরিফ্যারল বেশির ভাগ মদের কারণে হয়ে থাকে।
৬. বেরিবেরি রোগ হতে পারে।
৭. রক্তস্বল্পতা রোগ (পাণ্ডুরোগ) হতে পারে।
৮. নখ ভেঙে যাওয়া, নখে ইনফেকশন ইত্যাদি রোগ মদপান থেকে হতে পারে।
৯. মদপানের কারণে যক্ষা, নিউমোনিয়া, ফুসফুসের জ্বালা হয়।
১০. মদপানকারীদের অসুখের অপারেশনের পর ডেলিরিম ট্রিমনস নামক অতি মারাত্মক অসুখ হতে পারে। এ অসুখে বেশির ভাগ রোগীরই মৃত্যু হয়।
১১. নারীদের মধ্যে মদের ক্ষতিকারক প্রভাব বেশি। বিশেষ করে গর্ভবতী নারীদের ওপর মারাত্মক ক্ষতিকারক প্রভাব পড়ে।
১২. মদপানকারীরা অতিরিক্ত মদপানের পর সাধারণত বমি করে। এতে অনেক সময় বমি ফুসফুসের মধ্যে চলে যায়। ফলে মদপানকারীর ফুসফুস ক্ষতিগ্রস্ত হয় ও অনেক সময় দম বন্ধ হয়ে মৃত্যু পর্যন্ত ঘটে থাকে।